# সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১৫৭

১/ পবিত্রতা অর্জন ( كتاب الطهارة )

পরিচ্ছেদঃ ৬০. মোজার উপর মাসাহ্‌ করার সময়সীমা

باب التَّوْقِيتِ فِي الْمَسْحِ

আরবী

حَدَّثَنَا حَفْصُ بْنُ عُمَرَ، حَدَّثَنَا شُعْبَةُ، عَنِ الْحَكَمِ، وَحَمَّادٍ، عَنْ إِبْرَاهِيمَ، عَنْ أَبِي عَبْدِ اللَّهِ الْجَدَلِيِّ، عَنْ خُزَيْمَةَ بْنِ ثَابِتٍ، عَنِ النَّبِيِّ صلى الله عليه وسلم قَالَ " الْمَسْحُ عَلَى الْخُفَّيْنِ لِلْمُسَافِرِ ثَلاَثَةُ أَيَّامٍ وَلِلْمُقِيمِ يَوْمٌ وَلَيْلَةٌ " .
قَالَ أَبُو دَاوُدَ رَوَاهُ مَنْصُورُ بْنُ الْمُعْتَمِرِ عَنْ إِبْرَاهِيمَ التَّيْمِيِّ بِإِسْنَادِهِ قَالَ فِيهِ وَلَوِ اسْتَزَدْنَاهُ لَزَادَنَا .

صحيح ـ

বাংলা

১৫৭। খুযাইমাহ ইবনু সাবিত (রাঃ) হতে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সূত্রে বর্ণিত। তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেছেন, মোজার উপর মাসাহ্‌ করার নির্দ্দিষ্ট সময় সীমা হচ্ছে মুসাফিরের জন্য তিন দিন আর মুক্বীমের জন্য একদিন একরাত। অন্য বর্ণনায় রয়েছেঃ আমরা তাঁর নিকট অতিরিক্ত সময় সীমা চাইলে তিনি অধিক সময় সীমাই অনুমোদন করতেন।[1]

সহীহ।

## English

Narrated Khuzaymah ibn Thabit:

The Prophet (ﷺ) said: The time limit for wiping over the socks for a traveller is three days (and three nights) and for a resident it is one day and one

night.

Abu Dawud said: Another version adds: Had we requested him to extend (the period of wiping), he would have extended.

## ফুটনোট

[1] তিরমিযী (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মুক্বীম ও মুসাফিরের জন্য মোজার উপর মাসাহ্ করা, হাঃ ৯৫, ইমাম তিরমিযী বলেন, এ হাদীসটি হাসান সহীহ), আহমাদ (৫/২১৩-২১৫), হুমাইদ 'মুসনাদ' (হাঃ ৪৩৪, ৪৩৫), সকলেই আবূ 'আব্দুল্লাহ আল জাদালী সূত্রে, ইবনু মাজাহ (অধ্যায়ঃ পবিত্রতা, অনুঃ মুক্বীম ও মুসাফিরের জন্য মাসাহ্ করা সময়সীমা, হাঃ ৫৫৩, ৫৫৪) ইবরাহীম আত-তায়মী সূত্রে 'আমর ইবনু মায়মূন থেকে, তিনি খুযাইমাহ থেকে ওহাব সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী  বর্ণনাকারীঃ খুযাইমাহ ইবনু ছাবিত আল আনসারী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=57475

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন